



ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩  
গেন্ডা, সাভার, ঢাকা।

নম্বর ২৭.১২.২৬৭২.৫৭১.০১.০৪৭.২০.৫৫৩

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭

০২ জুন ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) “ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩” এর কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ সাময়িক জীবন বীমা করণের নিমিত্তে দরপত্র আহ্বান প্রসঙ্গে।

RFQ No-41/2019-2020

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) “ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩” এর নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ সাময়িক জীবন বীমা করণের লক্ষ্যে নিম্নোক্ত বিবরণ মোতাবেক প্রকৃত বীমা কোম্পানীর (সরকার কর্তৃক অনুমোদিত) নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

বীমা ভুক্ত মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা	বীমা অংক	বীমা প্রকল্পের বিবরণ/নাম	একক প্রিমিয়াম (প্রতি হাজারে)	মোট উদ্ধৃত প্রিমিয়াম (টাকা)
৪১৪ জন	প্রতিজন কর্মকর্তা/কর্মচারীর জন্য ২৪ মাসের মূল বেতন বা ৫,০০,০০০.০০ টাকা হিসাবে সর্বমোট বীমা মূল্য ২০,৩৫,৪৪,৭২০.০০	১) গ্রুপ সাময়িক জীবন বীমা। ২) সহযোগী বীমা। ক) দুর্ঘটনার কারণে মৃত্যুতে দ্বিগুন ক্ষতিপূরণ বীমা। খ) দুর্ঘটনা জনিত কারণে অংগহানী বীমা। গ) দুর্ঘটনার কারণে আংশিক অক্ষমতা বীমা।		
			মোট=	

শর্তাবলী:

০১। আগ্রহী দরপত্র দাতা আগামী ০৮/০৬/২০২০খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা-১২২৯ এরং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।

০২। প্রাপ্ত দরপত্র সমূহ ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গেন্ডা, সাভার, ঢাকা-১২২৯ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকায় আগামী ০৮/০৬/২০২০খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

- ০৩। দরপত্রের সাথে দরদাতা হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, আয়কর সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন এর সত্যায়িত কপি এবং ষ্টক এক্সচেঞ্জ এর সদস্য হতে হবে।
- ০৪। দরদাতাগণকে অবশ্যই সীলগালা করা খামের উপর অংশে সুস্পষ্টভাবে “গ্রুপ সাময়িক জীবন বীমা” করনের দরপত্র বিষয়টি লিখতে হবে। বীমা চুক্তির আওতায় সকল সুযোগ সুবিধার কথা বিস্তারিত উল্লেখ করতে হবে।
- ০৫। দরদাতার উল্লেখিত দর গ্রুপ বীমার বিপরীতে পরিশোধযোগ্য সকল প্রকার শুল্ক/কর বা অন্যান্য ব্যয় অন্তর্ভুক্ত করে উদ্ধৃত হয়েছে বলে গণ্য হবে।
- ০৬। কার্যাদেশ প্রাপ্তির পর ০৩ বছরের জন্য একটি গ্রুপ সাময়িক জীবন বীমা চুক্তি সম্পাদন করতে হবে। বীমার মেয়াদ হবে তিন বছরের এবং প্রতি বছরের প্রিমিয়াম বিল দাখিল সাপেক্ষে পরিশোধ করা হবে।
- ০৭। বীমা চুক্তি মেয়াদে নতুন কর্মকর্তা/কর্মচারীকে বীমা ভুক্ত করার সুযোগ থাকতে হবে। বীমাকৃত কর্মকর্তা/কর্মচারীকে সার্বক্ষনিক বীমা নিরাপত্তা প্রদান করতে হবে। বীমাকৃত যেকোন কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুতে দ্রুততার সাথে পরিশোধ করতে হবে।
- ০৮। দরপত্রে উদ্ধৃত প্রতি হাজারে প্রিমিয়াম হার হবে। মূল বীমাঃ গ্রুপ সাময়িক জীবন বীমা (GT) ও সহযোগী অন্যান্য বীমা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
- ০৯। বীমা সম্পন্নের অনধিক ০৭ (সাত)দিনের মধ্যে বিল দাখিল করতে হবে এবং নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১০। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



২-৬-২০২০

মোঃ হারুন

সিনিয়র জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
- ৩) জেলা প্রশাসক, ঢাকা।
- ৪) পুলিশ সুপার, ঢাকা।
- ৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস
- ৬) উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার/ধামরাই, ঢাকা।
- ৭) নির্বাহী প্রকৌশলী, ঢাকা (উত্তর), বাপবিবো, ঢাকা।
- ৮) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ঢাকা।
- ৯) মেয়র, সাভার পৌরসভা, সাভার, ঢাকা।
- ১০) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
- ১১) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
- ১২) মেসার্স-----, -----।